

PUBLICATION	: Prattohik Khabor	DATE	: 23.09.2010
EDITION	: Kolkata	PAGE	: 05

Headline: Zuri Hotels in Sikkim

জুরি গ্রুপের হোটেল সিকিমে

নিজস্ব প্রতিনিধি— বহুজাতিক সংস্থা জুরি গ্রুপ গ্লোবাল সিকিমে তাদের হোটেল পরিষেবা চালু করতে চলেছে। মঙ্গলবার কলকাতায় এই কথা জানিয়ে সংস্থার ম্যানেজিং ডিরেক্টর বিবি কামানি বলেন, “এক বছর আগে থেকেই আমরা সিকিমে হোটেল খোলার ব্যাপারে চিন্তা-ভাবনা করছিলাম। এতদিনে তা বাস্তব রূপ পেতে যাচ্ছে।” তিনি জানান, আগামী ১ অক্টোবর থেকেই সিকিমে এই হোটেল পরিষেবা চালু হয়ে যাবে। উত্তর-পূর্বাঞ্চলের প্রাকৃতিক সৌন্দর্যই তাদের সিকিমে হোটেল করার জন্য অনুপ্রাণিত করেছে। প্রসঙ্গত, জুরি গ্রুপ ভারত ছাড়া কেনিয়া এবং ইংল্যান্ডেও হোটেল সহ নানা ব্যবসা চালাচ্ছে। সিকিমে তাদের হোটেলের নাম হবে ‘দ্য রিট্রিট বাই জুরি, বায়গুনে, সিকিম।’ এখানে প্যারাগ্লাইডিং, রিভার রাফটিং, রিভার ক্যান্সিং, মাউন্টেন ক্যান্সিং, ভিলেজ ট্রেকিং প্রভৃতিরও ব্যবস্থা থাকবে।